



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIIONAL NEWS UNIT – SILCHAR

MORNNIING/ EVENING NEWS BULLETIN

BENGALI

13 May 2026

7:335 AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীৰৰ উপস্থিতিতে গতকাল ৰাজ্যেৰ প্ৰবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তু বিশ্বশৰ্মা আসামেৰ মুখ্যমন্ত্ৰী হিমেবে শপথ গ্ৰহণ কৰেন । খানাপাৰায় আয়োজিত অনুষ্ঠানে ৰাজ্যপাল লক্ষ্মণ প্ৰসাদ আচাৰ্য ডঃ শৰ্মাকে পদ ও গোপনীয়তাৰ শপথববাক্য পাঠ কৰান ।

বাইট (সি এম)#

ডঃ হিমন্তু বিশ্বশৰ্মাৰ সঙ্গে চাৰজন বিধায়কও মন্ত্ৰী হিমেবে শপথ গ্ৰহণ কৰেন ।

মিত্ৰদল অগপ থেকে দলটিৰ সভাপতি অতুল বৰা এবং বিপিএফ দল থেকে চরণ বড়ো মন্ত্ৰী হিমেবে শপথ গ্ৰহণ কৰেন । এদিকে বিজেপিৰ প্ৰবীণ নেতা তথা প্ৰাক্তন মন্ত্ৰী ৰঞ্জিত কুমাৰ দাস বিধানসভাৰ অধ্যক্ষ হিমেবে দায়িত্ব গ্ৰহণ কৰবেন বলে ডঃ শৰ্মা জানান ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তু বিশ্বশর্মা নেতৃত্বাধীন মন্ত্রীসভা খুব শীঘ্র সম্প্রসারণ করা হবে বলে রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকিয়া সংবাদ মাধ্যমকে জানান । শ্রী শইকিয়া জানান যে ২১ শে মে থেকে অনুষ্ঠিত বিধানসভার অধিবেশনে নতুন মন্ত্রীর শপথ গ্রহণ করবেন । এই সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ শর্মার সঙ্গে আলোচনা চলছে বলে তিনি জানান ।

বাইট # (শ্রী শইকিয়া)

প্রশ্ন পত্র ফাঁস হওয়ার অভিযোগে নীট ইউ জি -২০২৬ , পরীক্ষা বাতিল করা হয়েছে । সামাজিক মাধ্যমে সংস্থাটি জানিয়েছে যে এই সিদ্ধান্ত ছাত্র ছাত্রীদের কল্যাণের প্রতি লক্ষ্য রেখে ও পরীক্ষা ব্যবস্থাটির প্রতি আস্থা বজায় রাখার জন্য নেওয়া হয়েছে । এই পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগের বিস্তারিত তদন্তের বিষয়টি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা , সি বি আই র কাছে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে । সংস্থা জানিয়েছে যে তদন্তকারী সংস্থাকে বিষয়টি তদন্ত করার জন্য প্রয়োজনীয় সব তথ্য প্রদানে সহায়তা করা হবে । এন টি এ , অন্যান্য কেন্দ্রীয় সংস্থা ও বিধি বলবৎকারী সংস্থাগুলির তদন্তের লাভ করা তথ্যগুলি খতিয়ে দেখার জন্য এই সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে নতুন বস্তি থেকে টুক্রগ্রাম বি ও পি অভিমুখী সড়কের উপর থাকা সেতু

দিয়ে সব ধরনের যানবাহন চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বর্তমানে সেতুটির মধ্যের অংশে হঠাৎ ধস দেখা দেওয়ায় জনগনের নিরাপত্তার স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে বিশ্বব্যাংকের অর্থ সাহায্যে ওই একই স্থানে নতুন অনুমোদিত আর সি সি ব্রীজ নির্মানের কাজ শেষ না হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে ।

হাইলাকান্দি জেলার আলগাপুর বাজারে গতকাল রাতে সংগঠিত অগ্নিকাণ্ডে একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান সম্পূর্ণ ভস্মিভূত হয়ে যায় এবং কয়েকটি ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন , প্রাথমিকভাবে আগুন লাগার কারন শর্ট সার্কিট বলে অনুমান করা হচ্ছে ।

হাইলাকান্দি জেলার আলগাপুর পাবলিক হায়ার সেকেন্ডারী স্কুলে সংগঠিত চুরির ঘটনায় তিনজনকে আটক করেছে পুলিশ । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে ধৃতরা হচ্ছে মারুফ হোসেন লস্কর , হাফিজুর রহমান এবং আবদুর রহমান । হাইলাকান্দির অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বরুয়া গতকাল আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে স্কুল থেকে মোট ১২টি ট্যাবলেট পি সি চুরি হয়েছিল , এরমধ্যে এখনো পর্যন্ত চারটি পি সি উদ্ধার করা হয়েছে । উল্লেখ্য গত পয়লা মে আলগাপুর পাবলিক স্কুলে চুরির ঘটনা সংগঠিত হয় ।
